গোপনীয়

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

নং- প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮১১/(২২-২৩)/২৩-২৪/ ১৬৪৮ তারিখঃ ০৪.১২.২০২৩ খ্রি.

## কর্মীসংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী (এ-৭২৭৩), উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ ইতোপূর্বে ১৯৯৯ সনের ব্যাংকার্স রিক্রুটম্যান্ট কমিটি (BRC) বরাবর 'কর্মকর্তা' পদে নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনের যোগ্যতা না থাকা সত্ত্বেও অসৎ উদ্দেশ্যে মিথ্যা, বানোয়াট ও তথ্য বিকৃতির মাধ্যমে জাল-জালিয়াতির আশ্রয় নিয়ে ব্যাচেলর অব কমার্স ১৯৯২ সনের ফলাফল এর সনদ তৃতীয় বিভাগকে পরিবর্তন করে দ্বিতীয় বিভাগ সম্বলিত ভুয়া সনদ জমা দেয়ার অপরাধের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীন শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও প্রতারণামূলক অপরাধের জন্য ৩৩/২২-২৩ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করে এ বিভাগের ১২.০৩.২০২৩ খ্রি. তারিখের প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮১১(শৃঙ্খলা)/২০২২-২০২৩/৩৩৪৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়েছিল। আপনি তার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এই মর্মে ১৯.০৭.২০২৩ খ্রি. তারিখের এ বিভাগের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮১১ (শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২৪৪ নম্বর কর্মীসংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী এ বিভাগের ১৯.০৭.২০২৩ খ্রি. তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী আপনাকে অসদাচরণ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী আপনাকে চাকরি হতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী
ভঃতঃসূঃ নং- (এ-৭২৭৩)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়,
মুন্সীগঞ্জ ।

**স্থায়ী ঠিকানা**
গ্রামঃ হরিহর পাড়া
পোঃ এনায়েত নগর
থানাঃ ফতুল্লা
জেলাঃ নারায়নগঞ্জ

স্বাক্ষরিত

(মোহাঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮১১/(২২-২৩)/২৩-২৪/ ১৬৪৮ (৭) তারিখঃ ০৪.১২.২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মীসংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

০৭। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মুন্সীগঞ্জ । এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মীসংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ এহছানুল করিম চৌধুরী (বরখাস্তকৃত) এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মুন্সীগঞ্জ ।

০৯। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। নথি/মহানথি/মূলনথি।

(মোঃ আবু রায়হান)
সহকারী মহাব্যবস্থাপক